বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
জেনারেল ক্রেডিট বিভাগ।
www.krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/জে.ক্রে.বি.-১(১৩)/২০২৩-২৪/ ১৬১২ (১২৫০) তারিখঃ ০৪/০৪/২০২৪

বিষয়ঃ ব্যাংকের গ্রাহক কোম্পানীর পরিচালক পরিবর্তন, শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তি পত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র আরজেএসসির ওয়েবসাইটে আপলোড করা প্রসঙ্গে।

সূত্র নং- ক) ক্রেডিট বিভাগের পত্রসূত্র নং- ২৮০, তারিখ: ০২/০৮/২০২৩ ;
খ) বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর সূত্র নং-বিআরপিডি(পি-১)/৬৬১/১৩/২০২০-১০১৫৬, ও ৫৬০৯, তারিখঃ যথাক্রমে ২৬/১১/২০২০ ও ১৮/০৭/২০২৩ ;
গ) আরজেএসসি'র স্মারক নম্বর : ২৬.০৬.০০০০.০৬০.৯৯.০০১.২৩.৭১৩, তারিখঃ ১৮/০৬/২০২৩।

শিরোনামে বর্ণিত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ১৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখে গভর্নর মহোদয়ের সভাপতিত্বে আর্থিক খাত সংশ্লিষ্ট বিভিন্ন নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহের মধ্যে অনুষ্ঠিত সমন্বয় সভায় 'সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের স্ব স্ব গ্রাহক কোম্পানীর পরিচালক পরিবর্তন ও শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তি পত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র আরজেএসসি'র ওয়েবসাইটে আপলোড করবে' মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়েছে। তদপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকের স্ব স্ব গ্রাহক কোম্পানীর পরিচালক পরিবর্তন, শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তি পত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র আরজেএসসি'র ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা জারি করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, অত্র ব্যাংকের কোন গ্রাহক কোম্পানীর পরিচালক পরিবর্তন বা শেয়ার হস্তান্তর হয়ে থাকলে এ সংক্রান্ত অনাপত্তি পত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি) এর ওয়েবসাইটে আপলোড করার নিমিত্ত সংশ্লিষ্ট শাখা কর্তৃক আন্তর্জাতিক বাণিজ্য ঋণ সংক্রান্ত গ্রাহক কোম্পানীর তথ্যাদি প্রধান কার্যালয়ের আন্তর্জাতিক বাণিজ্য বিভাগে এবং অন্যান্য গ্রাহক কোম্পানীর তথ্যাদি জেনারেল ক্রেডিট বিভাগে পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ;
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ ;
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ;
সকল শাখা ব্যবস্থাপক ;
(মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৪/০৪/২০২৪
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯
dgmlad1@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/জেঃক্রেঃবিঃ-১(১৩)/২০২৩-২৪/ ১৬১২ (১২৫০) তারিখঃ ০৪/০৪/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো)।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। নথি/মহানথি।

04/04/2024
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd

প্রকা/ক্রেঃবিঃ/(শাখা-১)/১(১৩)/২০২৩-২৪/ 284(1250) তারিখঃ ০২/০৮/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ব্যাংক কর্তৃক তাদের গ্রাহক কোম্পানীর পরিচালক পরিবর্তন, শেয়ার হস্তান্তার সংক্রান্ত অনাপত্তি পত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র আরজেএসসি'র ওয়েবসাইটে আপলোড করা প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর পত্র সূত্র নং-বিআরপিডি(পি-১)/৬৬১/১৩/২০২০-১০১৫৬, তারিখঃ ২৬ নভেম্বর, ২০২০ এবং পত্র সূত্র নং-বিআরপিডি(পি)/৬৬১/১৩/২০২৩-৫৬০৯,তারিখঃ ১৮ জুলাই, ২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। ১৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখে গভর্নর মহোদয়ের সভাপতিত্বে আর্থিক খাত সংশ্লিষ্ট বিভিন্ন নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহের মধ্যে অনুষ্ঠিত সমন্বয় সভায় সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের স্ব স্ব গ্রাহক কোম্পানীর পরিচালক পরিবর্তন ও শেয়ার হস্তান্তার সংক্রান্ত অনাপত্তি পত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র আরজেএসসি'র ওয়েবসাইটে আপলোড করবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয় এবং সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ ব্যাংক কর্তৃক উপরোল্লিখিত প্রথমোক্ত পত্রের মাধ্যমে ব্যাংকের স্ব স্ব গ্রাহক কোম্পানীর পরিচালক পরিবর্তন, শেয়ার হস্তান্তার সংক্রান্ত অনাপত্তি পত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র আরজেএসসি'র ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা জারি করা হয়।

০৩। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ না করায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক উপরোল্লিখিত দ্বিতীয় পত্রের মাধ্যমে জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় পরামর্শ প্রদান করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, উক্ত পত্রদ্বয়ের নির্দেশনা মোতাবেক অত্র ব্যাংকের গ্রাহক কোম্পানীর পরিচালক পরিবর্তন, শেয়ার হস্তান্তার সংক্রান্ত অনাপত্তি পত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র সংশ্লিষ্ট তথ্য যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি) এর ওয়েবসাইটে আপলোড করার আবশ্যকতা রয়েছে। আরজেএসসি হতে Admin User ID ও Password সংগ্রহের পর পরবর্তী নির্দেশনা প্রদান করা হবে। সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে বিষয়টি অবহিত করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ মঈনুল ইসলাম) 02/08/2023
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

প্রকা/ক্রেঃবিঃ/(শাখা-১)/১(১৩)/২০২৩-২৪/ 284(1250) তারিখঃ ০২/০৮/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

02/08/2023
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

সূত্র নং- বিআরপিডি(পি-১)/৬৬১/১৩/২০২০-১০১৫৬

তারিখঃ ২৬ নভেম্বর, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাংক কর্তৃক তাদের গ্রাহক কোম্পানীর পরিচালক পরিবর্তন, শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তি পত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র আরজেএসসি'র ওয়েবসাইটে আপলোড করা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ১৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখে গভর্নর মহোদয়ের সভাপতিত্বে আর্থিক খাত সংশ্লিষ্ট বিভিন্ন নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহের মধ্যে অনুষ্ঠিত সমন্বয় সভায় অন্যান্য বিষয়াবলীসহ নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

"বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে তাদের স্ব স্ব গ্রাহক কোম্পানীর পরিচালক পরিবর্তন ও শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তি পত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র আরজেএসসি'র ওয়েবসাইটে আপলোড করার জন্য পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করবে এবং পত্রের কপি আরজেএসসি-কে প্রেরণ করবে।"

০২। এমতাবস্থায়, সমন্বয় সভার উপর্যুক্ত সিদ্ধান্ত অনুযায়ী আপনাদের ব্যাংকের স্ব স্ব গ্রাহক কোম্পানীর পরিচালক পরিবর্তন, শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তি পত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র আরজেএসসি'র ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে আপলোড করার জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হলো। ওয়েবসাইটে আপলোড করার ক্ষেত্রে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে আরজেএসসি'র সাথে যোগাযোগ স্থাপনপূর্বক সৃষ্ট সমস্যা নিরসনের জন্যও আপনাদেরকে অনুরোধ জানানো হলো।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ সালাউদ্দিন তপাদার)
যুগ্মপরিচালক
ফোনঃ ০২৫৫৬৬৫০০১-২০/২২৮২৫

সূত্রঃ বিআরপিডি(পি-১)/৬৬১/১৩/২০২০-১০১৫৭

তারিখ ঃ ঐ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ সালাউদ্দিন তপাদার)
যুগ্মপরিচালক

O/C

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

মুজিব শতবর্ষ MUJIB 100

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

সূত্র নং- বিআরপিডি(পি)/৬৬১/১৩/২০২৩-৫৬০৯

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৩০৯ তারিখ ২৩.০৭.২০২৩
ডিএমডি/জিএম/ডিজিএম ৯
ব্যবস্থাপনা পরিচালক

তারিখ: ১৮ জুলাই ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাংক কর্তৃক তাদের গ্রাহক কোম্পানীর পরিচালক পরিবর্তন, শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তি পত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র আরজেএসসি'র ওয়েবসাইটে আপলোড করা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এ কার্যালয়ের ২৬ নভেম্বর ২০২০ তারিখের পত্র সূত্র নং-বিআরপিডি(পি-১)/৬৬১/১৩/২০২০-১০১৫৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. উল্লিখিত পত্রের মাধ্যমে ১৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখে আর্থিক খাত সংশ্লিষ্ট বিভিন্ন নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহের মধ্যে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক আপনাদের ব্যাংকের স্ব স্ব গ্রাহক কোম্পানীর পরিচালক পরিবর্তন, শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তি পত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি) এর ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে আপলোড করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হয়। এছাড়া, ওয়েবসাইটে আপলোড করার ক্ষেত্রে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে আরজেএসসি'র সাথে যোগাযোগ স্থাপনপূর্বক সৃষ্ট সমস্যা নিরসনের জন্যও আপনাদেরকে পরামর্শ প্রদান করা হয়। এতদ্‌সত্ত্বেও আপনাদের ব্যাংক কর্তৃক অদ্যাবধি এ বিষয়ে কোন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়নি মর্মে আরজেএসসি কর্তৃক এ কার্যালয়কে অবহিত করা হয়েছে (পত্রের কপি সংযুক্ত)।

৩. এমতাবস্থায়, এ বিভাগ কর্তৃক প্রেরিত ২৬ নভেম্বর ২০২০ তারিখের পত্রের নির্দেশনা মোতাবেক জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পুনরায় পরামর্শ প্রদান করা হল।

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং ২৫২ তারিখ ২৪.০৭.২৩
বিভাগ G.M. (C.P.)
ডিএমডি-১

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(কাজী মাহমুদুর রেজা)
যুগ্মপরিচালক
ফোনঃ ০২৫৫৬৬৫০০১-২০/২২৪২৯

মহাব্যবস্থাপক (পরি ও পরি) এর দপ্তর
নং- ৩৬ তারিখ ২৪/৭/২৩
উন্নয়ন, ক্রেডিট/আঃ বাণিজ্য/ফরেন রেমিঃ
বিসিবিডি
মহাব্যবস্থাপক

অতিরিক্ত পরিচালক-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
আইসিটি শাখা
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

মুজিব ১০০

স্মারক নম্বর: ২৬.০৬.০০০০.০৬০.৯৯.০০১.২৩. ৭৯৩

তারিখঃ ০৪ আষাঢ় ১৪৩০
১৮ জুন ২০২৩

বিষয় : ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক তাদের গ্রাহক কোম্পানির পরিচালক পরিবর্তন, শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তি পত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র আরজেএসসি'র ওয়েবসাইটে আপলোডকরণ প্রসঙ্গে।

সূত্র : (১) আরজেএসসির স্মারক নম্বর- আরজেএসসি/৪৭৯, তারিখ: ২০/০৩/২০২২।
(২) বাংলাদেশ ব্যাংকের স্মারক নম্বর- ডিএফআইএম(পি)১০৫২/২৯/২০২২, তারিখ: ২৫/০৫/২০২২।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের ব্যবসা সহজীকরণ ও তথ্যের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ১৫-০৯-২০২০ তারিখের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক তাদের গ্রাহক কোম্পানির পরিচালক পরিবর্তন ও শেয়ার হস্তান্তরের বিষয়ে অনাপত্তিপত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র আরজেএসসি'র ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে আপলোড করার প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য সূত্রোস্থ ১ নং স্মারকের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

সূত্রোস্থ ২ নং পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালকদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পরামর্শ দেয়া হয়।

এ প্রেক্ষিতে (০১) LankaBangla Finance Ltd., (০২) National Finance Ltd. (০৩) Hajj Finance Company Ltd. (০৪) First Finance Ltd. (০৫) CVC Finance Ltd. (০৬) Fareast Finance & Investment Ltd. (০৭) Meridian Finance & Investment Ltd. (০৮) Prime Finance & Investment Ltd. (০৯) Phoenix Finance & Investment Ltd. (১০) National Housing Finance and Investments Ltd. (১১) Islamic Finance and Investments Ltd., (১২) Union Capital Ltd. (১৩) Saudi-Bangladesh Industrial & Agricultural Investment Company Ltd. (১৪) IPDC Finance Ltd (১৫) United Finance Ltd. (১৬) Strategic Finance and Investments Limited (১৭) IDLC Finance Limited (১৮) The Uae-Bangladesh Investment Company Ltd. (১৯) G.S.P. Finance Co. (Bangladesh) Ltd. (২০) AVIVA Finance Limited Changed From Reliance Finance Limited (২১) Industrial And Infrastructure Development Finance Company Limited (২২) Bangladesh Industrial Finance Company Ltd. (২৩) AGRANI SME FINANCING COMPANY LIMITED (২৪) Midas Financing Ltd. (২৫) Bangladesh Infrastructure Finance Fund Limited (২৬) Bay Leasing and Investment Ltd. নামীয় আর্থিক প্রতিষ্ঠানসমূহ আরজেএসসি'র Admin User ID এবং Password এর জন্য আবেদন করে এবং তাদের নামে Admin User ID এবং Password প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি কোন ব্যাংক আরজেএসসিতে Admin User ID এবং Password এর জন্য আবেদন করেনি।

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ না করায় একদিকে যেমন ১৫-০৯-২০২০ তারিখের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা সম্ভব হয়নি তেমনি এ পরিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত সফটওয়্যারটি অদ্যাবধি চালু করা যায়নি। ফলে গ্রাহক সেবা সহজীকরণ ও তথ্যের নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হয়নি।

এমতাবস্থায় আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের পূর্বে সকল ব্যাংক ও অবশিষ্ট আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ফর্ম (কপি সংযুক্ত) অনুযায়ী Admin User ID এবং Password এর আবেদন করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ বর্ণনামোতাবেক ০১ পাতা।

বাংলাদেশ ব্যাংক
ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-১)
প্রধান কার্যালয়, ঢাকা।
ডাইরী নং ৭৩৭৯
তারিখ ০৩/০৭/২০২৩

( শেখ শোয়েবুল আলম এনডিসি )
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮ ০২ ৮১৮৯৪০১
registrar@roc.gov.bd

পরিচালক
ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।